

## ফতওয়া নং ২৯১

### প্রশ্ন:

বাইতুল্লাহ, বাইতুল মোকাদ্দাস, মসজিদে নববী এই সমস্ত মসজিদে নামাজ পড়লে এক রাকাতে কত সওয়াব পাওয়া যায়। একটু বিস্তারিত বলবেন

### উত্তর:

আনাস বিন মালিক (রাঃ) থেকে বর্ণিতঃ

রসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, কোন ব্যক্তির নিজ ঘরে এক ওয়াক্ত নামায পড়ার নেকী এক ওয়াক্ত নামাযেরই সমান, তার পাড়ার বা গোত্রের মাসজিদে তার এক নামায পঁচিশ নামাযের সমতুল্য, জুমুআহ মাসজিদে তার এক নামায পাঁচ শত নামাযের সমান। মাসজিদুল আকসায় তার এক নামায পঞ্চাশ হাজার নামাযের সমতুল্য, আমার মাসজিদে তার এক নামায পঞ্চাশ হাজার নামাযের সমতুল্য এবং মাসজিদুল হারামে তার এক নামায এক লাখ নামাযের সমতুল্য। (সুনানে ইবনে মাজাহ, হাদিস নং ১৪১৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
১৫ শাবান, ১৪৪৫ হিজরী (25/02/2024)